

প্রশ্নঃ ৫৯৩. আসসালামু আলাইকুম। স্বামীর ২টা কিডনি নষ্ট হয়ে গেছে। স্ত্রী নিজের ১টা কিডনি দিতে পারবে?

উপমহাদেশের অবিকাংশ উলামায়ে কেরাম এটাকে নাজায়েজ বলে থাকেন।

তবে ভারতের কতিপয় উলামা এবং আরবের উলামাগণ কতিপয় শর্ত সাপেক্ষে এটিকে জায়েজ বলে থাকেন। মানুষের জীবন রক্ষার্থে কতিপয় উলামাগণের নিকট কতিপয় শর্তের সাথে এ পদ্ধতি জায়েজ হবার সুযোগ রয়েছে। শর্তগুলো নিম্নরূপ-

১. অভিজ্ঞ এবং নির্ভরযোগ্য ডাক্তার একথা বলেন যে, এছাড়া আর কোন গত্যন্তর নেই।

২. যার অঙ্গ আলাদা করা হচ্ছে, তার অনুমতি থাকা বা মৃত্যুপথযাত্রী হলে তার ওয়ারিসদের পক্ষ থেকে পূর্ণ সমর্থন থাকতে হবে।

৩. যার জন্য অঙ্গটি ট্রান্সপ্লান্ট করা হচ্ছে, তার ক্ষেত্রে নিশ্চিত হতে হবে যে, এর ধারা লোকটি সুস্থ্য হয়ে যাবে।

ফাতাওয়া উসমানী-৪/২২৩-২২৬

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

